



সৌদিতে ক্ষেপণাস্ত্র হামলা, বাংলাদেশিসহ দুইজন নিহত



সংগৃহীত ছবি

সৌদি আরবের মধ্যাঞ্চলে রোববার (৮ মার্চ) একটি ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত দুইজনের প্রাণহানি ঘটেছে এবং ১২ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন বাংলাদেশি ও একজন ভারতীয় রয়েছেন। খবর দিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা।

সৌদি সিভিল ডিফেন্সের বরাতে জানানো হয়েছে, একটি আবাসিক ভবনে ক্ষেপণাস্ত্র আঘাত হানলে এই হতাহতের ঘটনা ঘটে। তবে হামলার পিছনে কারা রয়েছে তা এখনও নিশ্চিত করা হয়নি।

গালফ ইন্টারন্যাশনাল ফোরামের নির্বাহী পরিচালক ডানিয়া থাফার মন্তব্য করেছেন, যুক্তরাষ্ট্র উপসাগরীয় দেশগুলোর পরিস্থিতি আরও জটিল করছে। আল জাজিরাকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, “পশ্চিমা দেশগুলো মূলত সামরিক ও অর্থনৈতিক লাভের দিকে মনোযোগ দেয়, কিন্তু এই অঞ্চলে অনেক কিছু দেশগুলোর মর্যাদা ও রাজনৈতিক অবস্থানের ওপর নির্ভরশীল।”

তিনি আরও সতর্ক করেছেন, “যখন ট্রাম্প ঘোষণা করেছিলেন যে ইরান উপসাগরীয় দেশগুলোর কাছে আত্মসমর্পণ করেছে, ইরান তা প্রত্যাখ্যান করে অভিযান চালিয়ে যাওয়ার সংকল্প দেখিয়েছে। এছাড়া উপসাগরীয় দেশগুলো উদ্দিগ্ন যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল তাদের এই সংঘর্ষে জড়িয়ে দিতে চাইছে।”